গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
(বাজেট ও অডিট শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৩.০০.০০০০.১২৫.০২০.০০১.১৭- ৬

১ চৈত্র ১৪২৩
------------------
১৫ মার্চ ২০১৭

বিষয়: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং বাংলা একাডেমির কর্মসূচিসমূহের বরাদ্দ এবং মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের লক্ষ্যে ০৫-০৩-২০১৭ তারিখে অনুষ্ঠিত 'বাজেট ব্যবস্থাপনা কমিটি'র সভার কার্যবিবরণী।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং বাংলা একাডেমির কর্মসূচিসমূহের বাজেট বরাদ্দ এবং মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ ও বিবিধ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে ০৫-০৩-২০১৭ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব-এর সভাপতিত্বে 'বাজেট ব্যবস্থাপনা কমিটি'র এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংযুক্তি-ক-তে রাখা হলো।

২। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ জাতীয় জাদুঘরের 'বাংলাদেশ জাতীয় জাদুঘরের সংগ্রহ ব্যবস্থাপনা সিস্টেম (সিএমএস) ও তথ্য যোগাযোগ ব্যবস্থাপনা সিস্টেম (এমআইএস) উন্নয়ন কার্যক্রম' শীর্ষক কর্মসূচির বাজেট বরাদ্দ ও মেয়াদ বৃদ্ধি এবং বাংলা একাডেমির 'বাংলা ভাষা ও সাহিত্য সম্পর্কিত উল্লেখযোগ্য কার্যক্রম, অভিধান প্রণয়ন, বিভিন্ন গবেষণা ও প্রকাশনা' শীর্ষক কর্মসূচির মেয়াদ বৃদ্ধি ও বিবিধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সুপারিশ গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সুপারিশ/সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ জাতীয় জাদুঘর কর্তৃক 'বাংলাদেশ জাতীয় জাদুঘরের সংগ্রহ ব্যবস্থাপনা সিস্টেম (সিএমএস) ও তথ্য যোগাযোগ ব্যবস্থাপনা সিস্টেম (এমআইএস) উন্নয়ন কার্যক্রম' শীর্ষক কর্মসূচির মূল বরাদ্দ ৩৪৭.১৫ লক্ষ (তিন কোটি সাতচল্লিশ লক্ষ পনের হাজার) টাকা থেকে ১৭.০০ (সতের লক্ষ) টাকা অতিরিক্ত বরাদ্দ বৃদ্ধি করে ৩৬৪.১৫ লক্ষ (তিন কোটি চৌষট্টি লক্ষ পনের হাজার) টাকা সংশোধিত বরাদ্দ এবং কর্মসূচিটির মূল মেয়াদ জুলাই ২০১৪-জুন, ২০১৭ থেকে সংশোধিত মেয়াদ জুলাই ২০১৪-জুন ২০১৮ পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সভায় আলোচ্য কর্মসূচির অতিরিক্ত বাজেট বরাদ্দ এবং মেয়াদ বৃদ্ধির যৌক্তিকতা বিশ্লেষণপূর্বক কর্মসূচিটির বিপরীতে শুধুমাত্র ১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকা অতিরিক্ত বরাদ্দ দিয়ে ৩৫৭.১৫ লক্ষ টাকা সংশোধিত বরাদ্দ প্রদানসহ কর্মসূচিটির মূল মেয়াদ জুলাই ২০১৪ - জুন ২০১৭ থেকে সংশোধিত মেয়াদ জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত ৬ (ছয়) মাস মেয়াদ বৃদ্ধির সুপারিশ করা হয়। |
| ২ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলা একাডেমি কর্তৃক 'বাংলা ভাষা ও সাহিত্য সম্পর্কিত উল্লেখযোগ্য কার্যক্রম, অভিধান প্রণয়ন, বিভিন্ন গবেষণা ও প্রকাশনা' শীর্ষক অনুমোদিত কর্মসূচিটির কার্যক্রম সফলভাবে সম্পাদনের লক্ষ্যে প্রস্তাবিত মেয়াদকাল কর্মসূচিটির মূল মেয়াদ জুলাই ২০১৪ - জুন ২০১৭ থেকে সংশোধিত মেয়াদ জুলাই ২০১৪ -ডিসেম্বর ২০১৭ পর্যন্ত ০৬ (ছয়) মাস বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলা একাডেমি কর্তৃক 'বাংলা ভাষা ও সাহিত্য সম্পর্কিত উল্লেখযোগ্য কার্যক্রম, অভিধান প্রণয়ন, বিভিন্ন গবেষণা ও প্রকাশনা' শীর্ষক অনুমোদিত কর্মসূচিটি সফলভাবে বাস্তবায়নের জন্য যৌক্তিকতা বিবেচনায় বাস্তবায়নকাল জুলাই ২০১৪-জুন ২০১৭ থেকে সংশোধিত মেয়াদ জুলাই ২০১৪ -ডিসেম্বর ২০১৭ পর্যন্ত ০৬ (ছয়) মাস বৃদ্ধির জন্য সুপারিশ করা হয়। |
| বিবিধ-১ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আওতায় ২০১৬-১৭ অর্থবছরে 'চট্টগ্রাম জাতিতাত্ত্বিক জাদুঘরের প্রদর্শনী উন্নয়ন, সংগ্রহ বৃদ্ধি ও আধুনিকায়ন' শীর্ষক কর্মসূচির বিপরীতে আন্ত:খাত সমন্বয় করে মূল বরাদ্দ ১৩৯.০৫ লক্ষ টাকা অপরিবর্তিত রেখে রাজস্ব ব্যয়ের ৪৮৪৬-নং কোডের পরিবহণ ব্যয় খাত হতে ২.০০ লক্ষ টাকা, মূলধন ব্যয়ের ৬৮১৩ নং কোডের যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম খাত হতে ৬.৪৭ লক্ষ এবং ৬৮২১ নং কোডের আবসবাবপত্র খাত হতে ৫.০০ লক্ষ টাকা আন্ত:খাত পরিবর্তন করে ৭০১৬ নং কোডের 'অন্যান্য ভবন ও অবকাঠামো' খাতে ৪০.০০ লক্ষ টাকা হতে ১৩.৪৭ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি করে আন্ত:খাত সমন্বয় পূর্বক ৫৩.৪৭ লক্ষ টাকা বরাদ্দের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেটে মূল বরাদ্দ অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠানের সেমিনার হল নির্মাণ, গুদামঘর আধুনিকায়ন এবং ডর্মেটরি ভবন নির্মাণের যৌক্তিক কারণে ব্যয় বৃদ্ধি পাওয়ায় কর্মসূচির বিপরীতে আন্ত:খাত পরিবর্তন করে ৭০১৬ নং কোডের 'অন্যান্য ভবন ও অবকাঠামো' খাতে ৪০.০০ লক্ষ টাকা থেকে ১৩.৪৭ লক্ষ টাকা বৃদ্ধি করে ৫৩.৪৭ লক্ষ টাকা বরাদ্দের জন্য সুপারিশ করা হয়। |
| বিবিধ-২ | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, খাগড়াছড়ি কর্তৃক বাস্তবায়নাধীন 'খাগড়াছড়ি জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীসমূহের সংস্কৃতি উন্নয়ন ও সম্প্রসারণ এবং ইতিহাস ও আর্থ-সামাজিক অবস্থার বিশ্লেষণ' শীর্ষক কর্মসূচিটি ১৮৬.২৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় বরাদ্দ অপরিবর্তিত রেখে কর্মসূচির মেয়াদ জুলাই ২০১৪ হতে জুন ২০১৬ থেকে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ৬ মাস বৃদ্ধি করার বিষয়ে আলোচনা হয়। কর্মসূচির মেয়াদকাল উত্তীর্ণ হওয়ার পর সময় বৃদ্ধির সুপারিশের বিষয়ে 'বাজেট ব্যবস্থাপনা কমিটি'র সভায় উপস্থাপনের জন্য উন্নয়ন পরিকল্পনা অধিশাখা থেকে অনুরোধ করা হয়। তবে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, খাগড়াছড়ির পরিচালক এ কর্মসূচিটির আওতায় কার্যাদি সম্পন্ন করার জন্য সময় বর্ধিত করার প্রয়োজন হবে না মর্মে মত প্রকাশ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কর্মসূচিটির মেয়াদকাল উত্তীর্ণ হওয়ায় এবং সময় বৃদ্ধির যৌক্তিক কোন কারণ না থাকায় কর্মসূচিটির সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) দাখিল করার বিষয়ে সুপারিশ করা হয়। |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:

(মোঃ ইব্রাহীম হোসেন খান)

১ চৈত্র ১৪২৩

নং-৪৩.০০.০০০০.১২৫.০২০.০০১.১৭- ৬

১৫ মার্চ ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১৫/৩/১৭

(কাজী মোহাম্মদ মাইমুদ্দিন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭১৯০০ (অনু:)

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ অতিরিক্ত সচিব (বাজেট-১)।
২. অতিরিক্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৩. বিভাগ প্রধান, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ যুগ্ম-প্রধান, স্কাইসোয়াম উইং)।
৪. বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৬. মহাপরিচালক, বাংলা একাডেমী, ঢাকা।
৭. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ঢাকা।
৯. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা।
১০. যুগ্মসচিব (অনুষ্ঠান) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১১. নির্বাহী পরিচালক, নজরুল ইন্সটিটিউট, ঢাকা।
১২. পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
১৩. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা।
১৪. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
১৫. রেজিষ্ট্রার, কপিরাইট অফিস, ঢাকা।
১৬. উপসচিব (বাজেট ব্যবস্থাপনা),সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১৭. উপসচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
১৯. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাংগামাটি।
২০. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
২১. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
২২. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমী, বিরিশিরি, নেত্রকোনা।
২৩. পরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমী, কমলগঞ্জ, মৌলভীবাজার।
২৪. পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
২৫. পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমী, রাজশাহী।
২৬. সিনিয়র সহকারী সচিব-১, ৪, ৫, ৬, সিনিয়র সহকারী প্রধান-১, ২, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
২৭. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
২. সচিব এর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৩. উপসচিব, বাজেট-২৩, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৪. উপসচিব, প্রশাসন অধিশাখা-২, অধিশাখা-৪, অধিশাখা-৭, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৬. সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইট এবং দপ্তর/সংস্থার ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৮. অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৯. উপসচিব- ২, ৩, সাংস্কৃতিক ঐতিহ্য এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১০. সংস্কৃতি উপদেষ্টা এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১১. উপপ্রধান এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।